

সংস্করন: মফস্বল, পাতা- ৩

সোমবার, ২৭ সেপ্টেম্বর ২০২১, ১২ আশ্বিন ১৪২৮



বাংলাদেশ কৃষি গবেষণা কাউশিল মিলনায়তনে গত শনিবার পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ পলিসি অনুষ্ঠিত হয়। বিজ্ঞপ্তি।

## বায়েনের পাবলিক প্রাইভেট পলিসি ডায়ালগ

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্ধিল
মিলনায়তনে গত শনিবার বাংলাদেশ
এগ্রিকালচারাল এক্সটেনশন নেটওয়ার্ক
(বায়েন) আয়োজিত 'পাবলিকপ্রাইভেট পার্টনারশিপ পলিসি এভ
ইটস রোল ইন এগ্রিকালচারাল
এক্সটেনশন' শীর্ষক ডায়ালগ অনুষ্ঠিত
হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি
হিসেবে ভার্চুয়ালি উপস্থিত ছিলেন কৃষি
মন্ত্রলণালয়ের সিনিয়র সচিব কৃষিবিদ
মো. মেসবাহল ইসলাম। এতে
সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ
অধিদপ্তরের সাবেক মহাপরিচালক ও

বায়েনের সভাপতি কৃষিবিদ মো. হামিদুর রহমান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন এসিআই এগ্রিবিজনেসের এমডি ও সিইও ড. এফ এইচ আনসারি। বিজ্ঞপ্তি।

কৃষি সম্প্রসারণ কাজের সঙ্গে সংশ্রিষ্ট সরকারি-বেসরকারি সংস্থার প্রতিনিধিরা ছাড়াও প্রাইডেট সেক্টরের সংশ্রিষ্টরা উপস্থিত থেকে ডায়ালগে অংশ নেন। ডায়ালগে কৃষি সম্প্রসারণে সরকারি-বেসরকারিসহ উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠানের মধ্যকার সংশ্লিষ্টতার মাধ্যমে সার্বিক উন্নয়ন

ঘটানো সম্ভব এ সম্পর্কে বক্তারা তাদের মতামত দেন। আলোচনায় কৃষি মন্ত্রণালয়ের অধীনে পিপিপি সম্পর্কিত একটি সেল তৈরি করে কৃষি সম্প্রসারণের কাজটি আরো তুরান্বিত করতে বক্তারা অভিমত দেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউলিলের নির্বাহী চেয়ারম্যান ড. এস এম বখতিয়ার, কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব হাসানুজ্জামান কল্লোল ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো. আসাদুল্লাহ।

## সম্পাদক: শ্যামল দত্ত , প্রকাশক: সাবের হোসেন চৌধুরী

কর্ণফুলী মিডিয়া পয়েন্ট, তৃতীয় তলা, ৭০ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, (নিউ সার্কুলার রোড, মালিবাগ), ঢাকা-১২১৭ ফোন: ৯৩৬০২৮৫, ৮৩৩১০৭৪ ফ্যাক্স: ৯৩৬২৭৩৪, সার্কুলেশন ও বিজ্ঞাপন : ৮৩৩১৮০৬